

লক্ষ্মীপুর প্রাথমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে ১৩টি দুর্নীতির অভিযোগ

প্রতিনিধি, রায়পুর (লক্ষ্মীপুর)

লক্ষ্মীপুরের রায়পুর উপজেলার প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠেছে। সাজেশপ বন্ডি, শিক্ষক বদলি ব্যাগিঞ্জা, মডেল টেস্টের নামে অর্থ আদায়সহ ১৩টি দুর্নীতির অভিযোগ এনে সোচ্চার হয়ে উঠেছেন শিক্ষক সমিতির নেতারা। এ নিয়ে সুস্থিতির সাধারণ সম্পাদক আবদুল মোতালেব গভ শনিবার প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের কাছে একটি লিখিত অভিযোগ করেন।

লিখিত অভিযোগ থেকে জানা যায়, উপজেলা শিক্ষা কর্মকর্তা (ডারগ্রাও) বেলায়েত হোসেন ও সহকারী শিক্ষা কর্মকর্তা আবদুল মোতালেব অর্থিক সুবিধা নিয়ে ইতোমধ্যে ৫০-৬০ জন শিক্ষককে বদলি করান, মডেল টেস্টের খাতা দেয়ার নামে প্রত্যেক ছাত্রছাত্রীর কাছে থেকে ২৫ টাকা হারে আদায়, তার নিজের নামে করা ১৫ টাকা মূল্যের নিগ্ন-মানের ডায়েরি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৫০ টাকা হারে বিক্রি করে, চট্টগ্রাম থেকে ৫ম শ্রেণীর সাজেশপ এনে শিক্ষকদের মাধ্যমে প্রত্যেক ছাত্রছাত্রীর কাছে বিক্রয় করার, খুসু মেরামত প্রকল্পের প্রতিটি বিদ্যালয় থেকে শতকরা ১০ টাকা হারে কমিশন আদায় করাসহ আরও অনেক অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে।

উপজেলা শিক্ষা অফিসার (ডারগ্রাও) বেলায়েত হোসেন মোবাইল ফোনে বলেন, যেসব অভিযোগ আনা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা। সুযোগ-সুবিধা বিক্রিত হয়ে কিছু শিক্ষক মিথ্যা অভিযোগ নিয়ে মাঠে নেমেছেন। যোগাযোগ করা হলে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা খায়ের আহমেদ বলেন, অভিযোগের লিখিত কপি পেয়েছি। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।